

# India's participation in the Intra-Afghan negotiations

September 12, 2020

## আন্তর-আফগান সমঝোতায় ভারতের অংশগ্রহণ

সেপ্টেম্বর 12, 2020

12 সেপ্টেম্বর 2020 তে দোহায় অনুষ্ঠিত আন্তর-আফগান সমঝোতার উদ্বোধনী অধিবেশনে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ভিটিসি -র মাধ্যমে অংশগ্রহণ করেছিলেন। কাতার রাষ্ট্রের উপপ্রধানমন্ত্রী এবং বিদেশমন্ত্রী মহামান্য মহাম্মদ বিন আব্দুলরহমান বিন জাসিম আল থানির আমন্ত্রণে মাননীয় পররাষ্ট্রমন্ত্রীর এই অংশগ্রহণ।

তার বক্তৃতায় পররাষ্ট্রমন্ত্রী ভারত ও আফগানিস্তানের মধ্যে থাকা সময় দ্বারা পরীক্ষিত হাজার বছরের সম্পর্কের কথা উল্লেখ করেন। আফগানিস্তানের গুরুত্বপূর্ণ উন্নয়ন অংশীদার হিসেবে ভারতের ভূমিকা যার ফলে আফগানিস্তানের 34 টি প্রদেশের সবকয়টিতে মোট 400 টির উপর প্রকল্প শেষ হয়েছে পররাষ্ট্রমন্ত্রী তার উপরে রেখাপাত করেছেন।

আফগানিস্তানের বিষয়ে ভারতের নীতি যে অবিচলিত তা পররাষ্ট্রমন্ত্রী জ্ঞাপন করেছেন। ভারত বিশ্বাস করে, যে কোন শান্তি পদ্ধতিকে অবশ্যই আফগান চালিত, আফগান মালিকানাভুক্ত, এবং আফগান নিয়ন্ত্রিত হতে হবে, তাকে অবশ্যই আফগানিস্তানের জাতীয় সার্বভৌমত্বের প্রতি এবং আঞ্চলিক অখন্ডতার প্রতি শ্রদ্ধাশীল হতে হবে এবং আফগানিস্তানে গণতান্ত্রিক ইসলামিক প্রজাতন্ত্র প্রতিষ্ঠার ক্ষেত্রে যে অগ্রগতি হয়েছে তাকে রক্ষা করতে হবে। সংখ্যালঘু, মহিলা এবং সমাজের অসুরক্ষিত অংশের স্বার্থের সংরক্ষণ করতে হবে এবং দেশ ও প্রতিবেশ জুড়ে চলা হিংসার বিষয়কে কার্যকরীভাবে মোকাবিলা করতে হবে।

একটি স্বাধীন সার্বভৌম দেশে শান্তিপূর্ণ সমৃদ্ধশালী ভবিষ্যৎ- যার জন্য আফগানিস্তানের জনগণ অপেক্ষা করে রয়েছেন তা প্রদান করতে আন্তর-আফগান সমঝোতা সফল হবে বলে পররাষ্ট্রমন্ত্রী কামনা করেছেন।

পররাষ্ট্রমন্ত্রকের যুগ্ম সচিব(পিএআই) জে পি সিং এর নেতৃত্বে একটি উচ্চপদস্থ প্রতিনিধি দল দোহার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 12, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.